প্রথম আলো

তারিখ 23 JAN 2014
পৃষ্ঠা ১৭ কলাম ২

সোহরাওয়াদী মেডিকেল কলেজে সংঘর্ষ

চার দিন ধরে ছাত্রাবাসছাড়া শতাধিক শিক্ষার্থী

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, প্রতিনিধি ●

ছাত্রলীগের দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনায় চার দিন ধরে ছাত্রাবাসের বাইরে অবস্থান করছেন রাজধানীর শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজের শতাধিক শিক্ষার্থী। ফলে ক্লাস ও পরীক্ষা নিয়ে তাঁদের সমস্যায় পড়তে হয়েছে।

ভুক্তভোগী কয়েকজন ছাত্র অভিযোগ করেন, গত শনিবার রাতে কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের নেতৃত্বাধীন দুই পক্ষের মধ্যে সংঘর্ষ হয়। এ ঘটনার জের ধরে তিনটি ব্যাচের (৬ষ্ঠ, ৭ম, ৮ম) ছাত্রদের রোববার সকাল আটটার পর থেকে ছাত্রাবাসে না থাকার জন্য হুমকি দেন ছাত্রলীগের কয়েকজন নেতা। এ জন্য ভয়ে ওই তিন ব্যাচের নিয়মিত ছাত্ররা ছাত্রাবাসের বাইরে চলে যান।

জানতে চাইলে ছাত্রাবাসের তত্ত্বাবধায়ক আ ম সেলিম রেজা *প্রথম আলোকে* বলেন, বর্তমানে যাঁরা ছাত্রাবাসের বাইরে অবস্থান করছেন, তাঁদের দ্রুত ফেরত আনার ব্যবস্থা নিতে কলেজ কর্তৃপক্ষকে জানানো হয়েছে।